THE BANGLADESH OBSERVER

তারিখ ... ... FEB. 25 2000...
পৃষ্ঠা 28 কলাম 6

# পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## দুমকি, পটুয়াখালী

# ভর্তি বিজ্ঞপ্তি

## শিক্ষা বর্ষ ঃ ১৯৯৯-২০০০ খ্রীষ্টাব্দ

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে বি.এস-সি, এজি. প্রথম পর্বে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**ভর্তির জন্য আবেদনের যোগ্যতা ঃ**

১৯৯৬ বা ১৯৯৭ সালে বিজ্ঞান গ্রুপে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় এবং ১৯৯৮ বা ১৯৯৯ সালে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যাসহ এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। উভয় পরীক্ষার যেকোন একটিতে প্রথম বিভাগ এবং অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকতে হবে। এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষায় উল্লেখিত বিষয়ে প্রতিটিতে কমপক্ষে শতকরা ৪০ নম্বর পেতে হবে।

**ভর্তির জন্য আবেদনের নিয়মাবলী ঃ**

রূপালী ব্যাংক, কৃষি কলেজ শাখা, দুমকি, পটুয়াখালী, রূপালী ব্যাংক, রমনা করপোরেট শাখা, বঙ্গবন্ধু এ্যাভিনিউ, ঢাকা এবং রূপালী ব্যাংক হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ শাখা দিনাজপুর হতে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে ব্যাংকিং সময়ে ফর্ম সংগ্রহ করতে হবে। ডাকযোগেও ভর্তি কমিটির সভাপতির বরাবরে আবেদন পূর্বক ভর্তির আবেদন ফর্ম সংগ্রহ করা যাবে। সেক্ষেত্রে রূপালী ব্যাংক এর যে কোন শাখা থেকে প্রকল্প পরিচালক, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট এবং চার টাকার ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠাতে হবে। পূরণকৃত ফর্ম আগামী ৩০ শে মার্চ, ২০০০ খ্রীষ্টাব্দ এর মধ্যে সরাসরি অথবা ডাকযোগে সভাপতি, ভর্তি কমিটি, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি-৮৬০২, পটুয়াখালী ঠিকানায় পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র না পৌঁছালে তা গ্রহণযোগ্য হবে না।

আবেদনপত্রের সাথে তিন কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মার্কসীটের সত্যায়িত ফটোকপি, এস.এস.সি. এর মূল/ সাময়িক সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং স্কুল ও কলেজ প্রধানের নিকট থেকে পরীক্ষায় পাশের এবং চরিত্রগত প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

সংরক্ষিত উপজাতীয় আসনে ভর্তিচ্ছুদের জন্য স্ব স্ব জেলা প্রশাসকের নিকট থেকে উপজাতীয় ও স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি এবং মুক্তিযোদ্ধাদের সন্তানদের বেলায় তাদের পিতা/ মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

সংরক্ষিত আসনে ভর্তিচ্ছু প্রার্থীদের আবেদনপত্রের নির্ধারিত স্থানে উল্লেখিত কোটার প্রযোজ্য ঘরে অবশ্যই টিক চিহ্ন দিতে হবে। প্রযোজ্য ঘরে টিক চিহ্ন না দিলে তা সংরক্ষিত আসনের জন্য গণ্য করা হবে না। উল্লেখ্য যে, মোট ১২৫ টি আসনের মধ্যে উপজাতীয় প্রার্থীদের জন্য দুইটি এবং মুক্তিযোদ্ধাদের পোষ্যদের জন্য দুইটি আসন সংরক্ষিত থাকবে।

**ভর্তির জন্য লিখিত নির্বাচনী পরীক্ষা ঃ**

ভর্তি পরীক্ষা ২৯ শে এপ্রিল, ২০০০ সাল রোজ শনিবার সকাল ১০ ঘটিকায় অত্র বিশ্ববিদ্যালয় একাডেমিক ভবনে অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষায় অংশ গ্রহনে যোগ্য আবেদনকারী যদি কোন কারণে প্রবেশ পত্র না পেয়ে থাকে তবে ফর্ম ক্রয়ের রশিদ প্রদর্শন পূর্বক ভর্তি কমিটির অনুমতিক্রমে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। বিশেষ কোন কারণে ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন হলে তা পত্রিকা মারফত জানানো হবে।

ভর্তির জন্য নির্বাচনী পরীক্ষা মোট ১৫০ নম্বরের মধ্যে অনুষ্ঠিত হবে, যার বন্টন নিম্নরূপ ঃ

ক) ১০০ নম্বরের ১ ঘন্টা ৩০ মিনিটের লিখিত পরীক্ষা, যা এইচ.এস.সি এর পাঠ্যক্রমের অনুসরণে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা এবং সাধারণ জ্ঞানের বিষয়ে মাল্টিপল চয়েস কোশ্চেন (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

খ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যথাক্রমে ২% ও ৩% হারে মোট ৫০ নম্বর।

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তির সময়ে সকল সনদপত্রের মূল কপি অবশ্যই জমা দিতে হবে। ভর্তির পূর্বে প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের মেডিকেল অফিসার কর্তৃক শারীরিক সুস্থতা ও যোগ্যতার সনদপত্র সংগ্রহ করতে হবে। আবাসিক হলে সীটের অপ্রতুলতার জন্য ভর্তিকৃত ছাত্রদের থাকার কোন নিশ্চয়তা দেয়া যাবে না। ভুল তথ্য সম্বলিত, অস্পষ্ট এবং অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

প্রফেসর ডঃ হারুন কে. এম. ইউসুফ
প্রকল্প পরিচালক
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী।